

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২৮

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ "তোমাদের মধ্যে যারা জ্ঞানী ও বুদ্ধিমান তারা আমার কাছে দাঁড়াবে"।

باب مَا جَاءَ لِيَلِيَنِي مِنْكُمْ أُولُو الأَحْلاَمِ وَالنُّهَى

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيّ الْجَهْضَمِيُّ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ، حَدَّثَنَا خَالِدٌ الْحَذَّاءُ، عَنْ أَبِي مَعْشَرٍ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةً، عَنْ عَبْدِ اللَّهِ، عَنِ النَّبِيّ صلى الله عليه وسلم قَالَ "لِيَلِيَنِي مِنْكُمْ أُولُو الأَحْلَمِ وَالنَّهَى ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ وَلاَ تَخْتَلِفُ وَلَا يَخْتَلِفَ وَلَا يَكُمْ وَهَيْشَاتِ الأَسْوَاقِ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ أُبِيّ بْنِ كَعْبٍ وَأَبِي مَسْعُودٍ وَلَيْكُمْ وَإِيَّاكُمْ وَهَيْشَاتِ الأَسْوَاقِ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ أُبِيّ بْنِ كَعْبٍ وَأَبِي مَسْعُودٍ وَلَيْكُمْ وَإِيَّاكُمْ وَهَيْشَاتِ الأَسْوَاقِ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ أُبِيّ بْنِ كَعْبٍ وَأَبِي مَسْعُودٍ وَلَيْ يَلِيكُ وَالْبَرِاءِ وَأَنسٍ . قَالَ أَبُو عِيسَى حَديثُ ابْنِ مَسْعُودِ حَديثٌ حَسَنٌ غَرِيبٌ . وَقَدْ رُوكِيَ عَنِ النَّبِيّ صلى الله عليه وسلم أَنَّهُ كَانَ يُعْجَبُهُ أَنْ يَلِيهُ الْمُهَاجِرُونَ وَالأَنْصَالُ لِيَحْفَظُوا عَنْهُ . قَالَ وَخَالِدٌ الْحَذَّاءُ هُوَ خَالِدُ بْنُ مِهْرَانَ يُكْنَى أَبَا الْمُنَاذِلِ . قَالَ وَسَمِعْتُ مُرَانَ يُكْنَى أَبَا الْمُنَاذِلِ . قَالَ وَسَمِعْتُ مُحَمَّدَ بْنَ إِسْمَاعِيلَ يَقُولُ يُقَالُ إِنَّ خَالِدً الْحَذَّاءُ مَا حَذَا نَعْلاً قَطُّ إِنَّمَا كَانَ يَجْلِسُ إِلَى حَذَّاءٍ فَنُسِبَ إِلَيْهِ . قَالَ وَأَبُو مَعْشَرٍ اسْمُهُ زِيَادُ بْنُ كُلَيْبٍ .

বাংলা

২২৮. নাসর ইবন আলী জাহযামী (রহঃ) আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন তোমাদের মধ্যে যারা অধিক জ্ঞানী এবং বুদ্ধিমান তাঁরা আমার কাছে দাঁড়াবে। এরপর তাদের অনুরূপ যে ক্রম অনুসারে দাঁড়াবে। কাতার করতে আঁকা বাঁকা করবে না এতে তোমাদের হৃদয়ে হৃদয়ে অনৈক্যের সৃষ্টি হয়ে পড়বে। সাবধান, বাজরের মত শোরগোল করা থেকে বেঁচে থাকবে। - সহিহ আবু দাউদ ৬৭৯, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২২৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উবাই ইবনু কা'ব, আবূ মাসউদ, আবূ সাঈদ, বারা ও আনাস রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ ইবনু উসউদ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি হাসান, সহীহ ও গরীব। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে আরও বর্ণিত আছে যে, রাসূল তাঁর কাছে মুহাজির ও আনসারদের দাঁড়ানো পছন্দ করতেন। যাতে তাঁরা প্রতিটি বিষয় নবী করীম (রহঃ) থেকে যথাযথভাবে সংরক্ষণ



করতে পারেন। বর্ণনাকারী খালিদ আল হাযযা হলেন খালিদ ইবনু মিহরান। তাঁর উপনাম বা কুনিয়াত হল আবূল মান্যিল। মুহাম্মদ ইবনু ইসমাঈল বুখারী (রহঃ) বলেন খালিদ কখনও জুতা সেলাইয়ের পেশায় নিয়োজিত ছিলেন না। তবে তিনি জুতা ব্যবসায়ীদের কাছে গিয়ে বসতেন। এই কারণে তাঁদের দিকে সম্পর্কিত হয়ে তিনি আল হাযযা বা জুতা প্রস্তুতকারী নামে প্রসিদ্ধ হয়ে উঠেন। অপর রাবী মাশারের পূর্ণ নাম হল যিয়াদ ইবনু কুলায়ব।

English

Abdullah (Ibn Masud) narrated that :

the Prophet said: "Let those among you with understanding and reason be close to me, then those after them, then those after them. And do not separate or dissention will occur among your hearts, and beware of the commotion of the markets."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন